


## মাঠ পর্যায়ের কার্যক্রম এর ই-মনিটরিং ছক এর রিপোর্ট

ই- মনিটরিং এর তারিখ	:	১১/০৫/২০২৩
ই-মনিটরিং এ অংশগ্রহণকারী কর্মকর্তার নাম ও পদবী	:	তাসনিম জেবিন বিনতে শেখ উপসচিব (বাজেট ও হিসাব)
ই-মনিটরিং এ অংশগ্রহণকৃত অফিস/ প্রকল্প/ কর্মসূচি/ কার্যক্রম	:	অসহায়, সুবিধা-বঞ্চিত নারীদের রপ্তানিযোগ্য বাঁশ, বেত, পাট, কাঠ ট্রেডে প্রশিক্ষণের মাধ্যমে কর্মসংস্থান ও উদ্যোক্তা সৃষ্টি' কর্মসূচি।
মনিটরিং এ অংশগ্রহণকৃত অফিস/প্রকল্প/কর্মসূচি/কার্যক্রম এর দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার নাম ও পদবী	:	খালেদা আক্তার এবং শ্রী বিপ্লব চন্দ্র রায় প্রশিক্ষক, মোহাম্মদ কামাল হোসেন, কর্মসূচি পরিচালক এবং মোহাম্মদ জাকির হোসেন, সাধারণ সম্পাদক, 'আপবুটেড চিলড্রেন অ্যান্ড সোস্যাল ডেভেলপমেন্ট অর্গানাইজেশন (UCSDO)।
ই-মনিটরিং এ পরিদর্শনকৃত/পরিদর্শিত বিষয়সমূহ	:	পাট ও কাট ট্রেড

অদ্য ১১-০৫-২০২৩ তারিখ দুপুর ২:৩০ ঘটিকায় আমরা নিম্নস্বাক্ষরকারী 'অসহায়, সুবিধা-বঞ্চিত নারীদের রপ্তানিযোগ্য বাঁশ, বেত, পাট, কাঠ ট্রেডে প্রশিক্ষণের মাধ্যমে কর্মসংস্থান ও উদ্যোক্তা সৃষ্টি' কর্মসূচির ঢাকা জেলার ডেমরায় প্রশিক্ষণ কার্যক্রম ই-মনিটরিং করি। ই-মনিটরিং এ অনলাইনে Whats App Group এ কর্মসূচি পরিচালক ও কর্মসূচি সহযোগী সংস্থার সাধারণ সম্পাদক উপস্থিত ছিলেন। ই-মনিটরিং এ ট্রেডের নাম, প্রশিক্ষণার্থী নির্বাচন, সংখ্যা, উপস্থিতি, প্রশিক্ষণের পদ্ধতি সম্পর্কে জানতে চাওয়া হলে ঢাকা জেলার ডেমরায় উপস্থিত প্রশিক্ষক ও সহযোগী সংস্থা চলমান প্রশিক্ষণ সম্পর্কে বিস্তারিত বর্ণনা করেন। প্রশিক্ষণার্থীদের সাথে আলাপকালে তাঁরা প্রশিক্ষণের সার্বিক বিষয়ে সন্তুষ্টি প্রকাশ করেন। উক্ত পাট ও কাঠ ট্রেডের প্রশিক্ষণে প্রশিক্ষণার্থীর উপস্থিতি শতভাগ ছিল। প্রশিক্ষণার্থীদের উৎপাদিত পণ্যের মান ছিল সন্তোষজনক। তাঁদের উৎপাদিত পণ্য বাজারজাতকরণের জন্য সহযোগী সংস্থাকে পরামর্শ প্রদান করি। প্রশিক্ষণ কার্যক্রম খুব সুন্দরভাবে সম্পন্ন করা হচ্ছে।

### সুপারিশ মন্তব্যঃ

- ১। কর্মসূচির লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল কার্যক্রম সম্পূর্ণ করার বিষয়ে পরামর্শ প্রদান করা হয়;
- ২। সঠিকভাবে প্রশিক্ষণ প্রদানের সুপারিশ করা হয়;
- ৩। হাজিরা খাতা সংরক্ষণের সুপারিশ করা হয়;
- ৪। প্রশিক্ষণ পরবর্তী পণ্য বাজারজাতকরণের আরো সুযোগ সৃষ্টি করা প্রয়োজন; এবং
- ৫। প্রশিক্ষণার্থীদের জাতীয় পরিচয়পত্র ও মোবাইল নম্বর সম্বলিত ডাটাবেইজ সংরক্ষণের সুপারিশ করা হয়।

  
17/05/2023  
তাসনিম জেবিন বিনতে শেখ  
উপসচিব  
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার